

বর্ষিষ্ঠ বার্ধক্য

বার্ধক্যের বৈশিষ্ট্যে অহেতুকী চঞ্চলতা অনাবশ্যক অপব্যয় !
বিকেলের পড়ন্ত রৌদ্রের উত্তাপ কমে যায়-এ কথা কারো অজানা নয়।
জরা-ব্যাপির প্রকোপে মৃত্যুর সঙ্গে ঘন ঘন সাক্ষাৎ থেকে নিস্তার চায়।
যৌবনের বৈপরীত্যে জীবন বার্ধক্যে মুহূর্মুহু জীবনকে ধিক্কার জানায় !

তথাপি যায় না বাঁচবার আকাঙ্ক্ষা এমনই মোহময়
স্বপ্নের কুহক মনের গহনে প্রতিশ্রুতি জাগায়,
পাভাদের অত্যাচার সত্ত্বেও মন্দিরে যায় মানত রাখতে অব্যক্ত আশায়-
যদিও জীর্ণ চিত্রের মতো ভোগসামান্য প্রাণহীন-যা স্বাভাবিক অজীর্ণতায় !

প্রায় কেউই এই বার্ধক্যে অহেতুকী করুণা করে না।
কর্মব্যস্ত বিশ্বে সঙ্গী-সময় সস্তায় বিকোয় না।
দুর্লভতর হয়ে ওঠে প্রাণবন্ত স্পর্শ-স্ফুর্ধার্থ থাকে অন্তর !
সঙ্গীর বাসনা হিয়ার মাঝে ঘুমন্ত জ্বালামুখীর মতো সোচ্চার !

এমন বৈপরীত্যেও জীবনযুদ্ধ থেমে থাকে না তখন
যাঁরা নিয়মিত কর্মে ব্যস্ত, কর্মরত-তাঁরা মহাভাগ্যবান !
অন্যেরা এখানে ওখানে ব্যস্ত থাকার উপায় খোঁজেন
কর্মহীন বার্ধক্য সঙ্গীহীন জীবন বর্ষিষ্ঠ বার্ধক্যে বোঝার সমান !